



সমন্বিত কৃষি উন্নয়নের মাধ্যমে পুষ্টি ও খাদ্য নিরাপত্তা নিশ্চিতকরণ প্রকল্প বারটান অংগ

বাংলাদেশ ফলিত পুষ্টি গবেষণা ও প্রশিক্ষণ ইনস্টিটিউট (বারটান)

সেচ ভবন, ৪র্থ তলা, ২২ মানিক মিয়া এভিনিউ, শের-ই-বাংলা নগর, ঢাকা-১২০৭।

ফোন : ৯১৩৬২৭৪, ৯১৩৬৪৯৫, ফ্যাক্স : ৮৮০-৯১২৭৫১৬, Email : birtan_bd@yahoo.com Web: www.birtan.gov.bd

স্মারক নং-১২.০৯.০০০০.০০৭.৭১.০০১.১৭-৪১৬

তারিখ : ০৬.০৫.২০১৮ ইং
২৩.০১.১৪২৫ বাং

বিষয় : সমন্বিত কৃষি উন্নয়নের মাধ্যমে পুষ্টি ও খাদ্য নিরাপত্তা নিশ্চিতকরণ প্রকল্প বারটান অংগ এর অধীন (ফলিত পুষ্টি) বিষয়ে প্রশিক্ষণ ও ক্যাম্পেইন বাস্তবায়ন প্রসংগে।

আপনার সাথে আলোচনার পরিপ্রেক্ষিতে উপরোল্লিখিত বিষয়ে ২ (দুই) ব্যাচের প্রশিক্ষণ ও ১(এক) টি ক্যাম্পেইন কার্যক্রম আগামী ১২-১৪ মে/২০১৮ইং তারিখে বাগেরহাট জেলার কচুয়া উপজেলায় বাস্তবায়নের সিদ্ধান্ত গ্রহণ করা হয়েছে।

প্রশিক্ষার্থীর ধরণ, সংখ্যা এবং প্রশিক্ষণ বাস্তবায়নের তারিখ ও স্থান নিম্নে উল্লেখ করা হ'ল।

ব্যাচ নং	প্রশিক্ষার্থীর ধরণ	প্রশিক্ষার্থীর সংখ্যা	প্রশিক্ষণ বাস্তবায়নের	
			তারিখ	স্থান
১ ব্যাচ	নতুন নিয়োগপ্রাপ্ত এসএএও-০৮ জন, সহকারী শিক্ষিকা-১৪ জন, এনজিও-৩ জন, মহিলা বিষয়ক অধিদপ্তর-২ জন, ইমাম-৩ জন	৩০ জন	১২-১৪ মে/২০১৮ইং	উপজেলা পরিষদ মিলনায়তন, কচুয়া, বাগেরহাট।
২য় ব্যাচ	কিষাণ-কিষাণী	৩০ জন	১২-১৪ মে/২০১৮ইং	উপজেলা পরিষদ মিলনায়তন, কচুয়া, বাগেরহাট।
ক্যাম্পেইন	নবম-দশম শ্রেণীর ছাত্রী	১০০ জন	১৪ মে/২০১৮ইং	উপজেলার নিকটস্থ যেকোন গার্লস স্কুল।

মন্ত্রণালয়ের প্রশিক্ষণ নীতিমালা অনুযায়ী উপসহকারী কৃষি কর্মকর্তা, মহিলা বিষয়ক অধিদপ্তর, স্কুল শিক্ষক, ইমাম ও এনজিও কর্মী মাথাপিছু দৈনিক ৭৫০/- (সাতশত পঞ্চাশ) টাকা এবং কিষাণ-কিষাণী মাথাপিছু দৈনিক ৫০০/- (পাঁচশত) টাকা হারে প্রশিক্ষণ ভাতা প্রাপ্য হবেন। প্রত্যেক রিসোর্চ পার্সন প্রতি ঘণ্টায় ১০০০/- (এক হাজার) টাকা সম্মানী ভাতা প্রাপ্য হবেন।

উল্লেখ্য যে, ১০-১২ মার্চ/২০১৭ইং তারিখে আপনার উপজেলায় এ প্রকল্পের আওতায় মহিলা বিষয়ক অধিদপ্তর, স্কুল শিক্ষক, ইমাম ও এনজিও কর্মী ১ ব্যাচ এবং কিষাণ-কিষাণী ১ ব্যাচ প্রতি ব্যাচে (৩০ জন) করে প্রশিক্ষণ প্রদান করা হয়েছে যারা উল্লেখিত তারিখে এই প্রশিক্ষণ গ্রহণ করেছেন তাদেরকে ২৪-২৬ এপ্রিল/২০১৮ইং তারিখের প্রশিক্ষণে অর্ন্তভুক্ত করা যাবে না।

এমতাবস্থায়, প্রশিক্ষার্থী নির্বাচন এবং বারটান এর কর্মকর্তা ব্যতীত অন্যান্য রিসোর্চ পার্সন মনোনয়ন দানের ব্যবস্থা গ্রহণে অনুরোধ করা হ'ল এবং বাগেরহাট জেলার কচুয়া উপজেলায় বারটান এর দুই জন কর্মকর্তার আগামী ১১-১৩ মে/২০১৮ইং পর্যন্ত সরকারি ডাক বাংলা/গেইট হাউজ থাকার ব্যবস্থা গ্রহণে অনুরোধ করা হ'ল।

বরাবর

উপজেলা কৃষি কর্মকর্তা
কৃষি সম্প্রসারণ অধিদপ্তর
কচুয়া, বাগেরহাট।

(কৃষিবিদ জ্যোতি লাল বড়ুয়া)

প্রকল্প ব্যবস্থাপক

আইএএনএফপি (বারটান অংগ)।

অনুলিপি বিতরণ : সদয় অবগতি/প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্যে।

- ০১। উপ-পরিচালক, ডিএই, বাগেরহাট।
- ০২। নির্বাহী পরিচালক-এর ব্যক্তিগত সহকারী, বারটান, সেচ ভবন, ঢাকা।
- ০৩। প্রশাসন শাখা, বারটান, সেচ ভবন, ঢাকা।
- ০৪। হিসাব শাখা, আইএএনএফপি বারটান (অংগ), সেচ ভবন, ঢাকা।
- ০৫। অফিস নথি, আইএএনএফপি বারটান (অংগ), সেচ ভবন, ঢাকা।

(কৃষিবিদ জ্যোতি লাল বড়ুয়া)

প্রকল্প ব্যবস্থাপক

আইএএনএফপি (বারটান অংগ)।